

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প  
১৬০/এ, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা-১০০০  
E-mail: pdnsw.nbr@gmail.com

অফিস স্মারক- ১(১৬৭) NSW প্রকল্প/ Webb Fontaine/Inception Report & Project Plan/২০২৪/ ২৫৪০ তারিখ: ১৫/০২/২০২৫খ্রি

**বিষয়: BSW System এ User Registration প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০১৬ সালের ১৭ সেপ্টেম্বর তারিখে বাংলাদেশ বিশ্ববাণিজ্য সংস্থার Trade Facilitation Agreement (TFA) স্বাক্ষর করেছে। এই চুক্তির (TFA) ১০.৪ অনুযায়ী আমদানী রপ্তানী বাণিজ্য সহজতর করার লক্ষ্যে সকল সদস্য রাষ্ট্রের জন্য ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো (NSW) স্থাপনের বাধ্যবাধকতা রয়েছে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশে সিঙ্গেল উইন্ডো বাস্তবায়নের জন্য বিশ্ববাণিকের ঋণ সহায়তায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক National Single Window (NSW) প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের আওতায় আমদানী-রপ্তানী বাণিজ্যের সাথে সম্পৃক্ত ১৯ টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) সংগ্রহের জন্য একটি সিঙ্গেল প্ল্যাটফর্মে অনলাইন সিস্টেমে আবেদন দাখিল এর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

০৩। ইতোমধ্যে NSW প্রকল্পের আওতায় গত ০২.০১.২০২৫ খ্রি: তারিখে ০৭ টি (DOE, DGDA, EPB, DOEx, BNACWC, BEZA and BEPZA) CLPIA নিয়ে Soft Launching অনুষ্ঠিত হয়েছে। প্রধান উপদেষ্টা দপ্তরের সিদ্ধান্ত মোতাবেক ৩১.০১.২০২৫ খ্রি: এর পর থেকে উক্ত ০৭ টি CLPIA এর ক্ষেত্রে ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট গ্রহণ করা হবে না মর্মে গত ১৪.০১.২০২৫ খ্রি: তারিখে একটি পরিপত্র (সংযুক্তি-১) জারী হয়েছে এবং জাতীয় পত্রিকা সমূহে গণবিজ্ঞপ্তি (সংযুক্তি-২) প্রকাশিত হয়েছে। এছাড়াও অবশিষ্ট ১২টি CLPIA নিয়েও ইতোমধ্যে গত ১৬.০১.২০২৫ খ্রি: তারিখে প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠিত সভায় আগামী ২৮.০২.২০২৫ খ্রি: এর পর থেকে অনলাইনে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট গ্রহণের নির্দেশনা রয়েছে।

০৪। এই প্রেক্ষিতে, BSW সিস্টেমে বর্ণিত CLPIA সমূহের অনলাইনভিত্তিক Live কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনে সকল অংশীজনদেরকে বাংলাদেশ সিঙ্গেল উইন্ডো সিস্টেমে রেজিস্ট্রেশন করা আবশ্যিক। বর্ণিত লিংক <https://bswnbr.gov.bd/wu/registration/index> ব্যবহার করে অংশীজন খুব সহজেই তাদের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন। এছাড়াও অংশীজনদের ব্যবহারের সুবিধার্থে রেজিস্ট্রেশন সংক্রান্ত একটি ভিডিও টিউটোরিয়াল লিংক রয়েছে যার নিম্নরূপ : [https://youtu.be/MJ5MD4O2Nk4?si=h\\_EkH0fhjK9epQUW](https://youtu.be/MJ5MD4O2Nk4?si=h_EkH0fhjK9epQUW)। অধিকতর রেজিস্ট্রেশন সংক্রান্ত কোনো সহযোগিতার জন্য BSW হেল্প ডেস্ক নাম্বার ১৬১৩৯ এ কল করার জন্য অনুরোধ করা হলো।

০৫। এমতাবস্থায়, আপনার দপ্তর কর্তৃক জরুরি ভিত্তিতে বর্ণিত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের সর্বনিম্ন অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। পরিপত্র

২। গণবিজ্ঞপ্তি



**[জুয়েল আহমেদ]**

প্রকল্প পরিচালক

ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**প্রাপকঃ**

সভাপতি, বিকেএমইএ, বিকেএমইএ ভবন, ৫৩-৫৪, নবাব সলিমুল্লাহ রোড, চাষাড়া, নারায়ণগঞ্জ।

**দৃষ্টি আকর্ষণ:** জনাব সৈয়দ ওয়াহিদুজ্জামান উপসচিব, বিকেএমইএ ও ফোকাল পয়েন্ট।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ২। সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ২। প্রথম সচিব (কাস্টমস অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৩। উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক (সকল), ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প।
- ৪। সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার / NPC/ FMS/ PCMC, NSW-PIU, NBR।
- ৫। Project Manager, Webb Fontaine, 4th Floor, Caldwell Centre, Plot#54, Road#11, Block – C, Dhaka-1213.
- ৬। Project Manager, Deloitte Touche Tohmatsu India LLP.